# ALL INDIA RADIO

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

### MORNING NEWS BULLETIN

**BENGALI**

**18 June 2026** **7:35 AM IST**

==========================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরকারের ১২ বছর পূর্তি উপলক্ষ্যে ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা কমিটির উদ্যোগে জেলার আকবরপুরে প্রাকৃতিক ও জৈবিক কৃষি বিষয়ক এক কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হয় । অনুষ্ঠানে শ্রীভূমি জেলা বিজেপির কিষাণ মোর্চার সভাপতি বিশ্বজিৎ চক্রবর্তী রাসায়নিক সারের উপর নির্ভরশীলতা হ্রাস করে প্রাকৃতিক ও জৈবিক কৃষি পদ্ধতিতে মনোনিবেশ করতে কৃষকদের প্রতি আহ্বান জানিয়েছেন । অনুষ্ঠানে শ্রীভূমি জেলা বিজেপির সভাপতি সঞ্জীব বণিক, প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস সহ আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মীরা উপস্থিত ছিলেন । বক্তারা কৃষকদের আধুনিক ও পরিবেশ বান্ধব কৃষি পদ্ধতি গ্রহণে উৎসাহিত করার পাশাপাশি আত্মনির্ভর ভারত গঠনে কৃষিক্ষেত্রে গুরুত্ব আরোপ করার কথা বলেন ।

---

ভারতীয় জনতা পার্টির কাছাড় জেলা কমিটির উদ্যোগে গতকাল শিলচর ডাকবাংলো সংলগ্ন প্রাঙ্গণে এক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে । শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য এই প্রদর্শনীর উদ্বোধন করেন । এছাড়া

ধলাইয়ের বিধায়ক অমিয় কান্তি দাস ও বিজেপির জেলা সভাপতি রূপম সাহা প্রমূখ উপস্থিত ছিলেন । এই প্রদর্শনীর মাধ্যমে গত বারো বছরে দেশের বিভিন্ন ক্ষেত্রে উন্নয়ন, জনকল্যাণমূলক প্রকল্প, আত্মনির্ভর ভারত গঠনের উদ্যোগ এবং সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ সাফল্য জনসাধারণের সামনে তুলে ধরা হয় । প্রদর্শনীতে বিভিন্ন তথ্যচিত্র, আলোকচিত্র ও তথ্যভিত্তিক উপস্থাপনার মাধ্যমে সরকারের কর্মসূচি ও সাফল্যের কথা তুলে ধরা হয়েছে । এই প্রদর্শনী আগামীকাল পর্যন্ত চলবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরকারের ১২ বছর পূর্তি উপলক্ষ্যে ভারতীয় জনতা পার্টির শ্রীভূমি জেলা কমিটির উদ্যোগে জেলার আকবরপুরে প্রাকৃতিক ও জৈবিক কৃষি বিষয়ক এক কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হয় । অনুষ্ঠানে শ্রীভূমি জেলা বিজেপির কিষাণ মোর্চার সভাপতি বিশ্বজিৎ চক্রবর্তী রাসায়নিক সারের উপর নির্ভরশীলতা হ্রাস করে প্রাকৃতিক ও জৈবিক কৃষি পদ্ধতিতে মনোনিবেশ করতে কৃষকদের প্রতি আহ্বান জানিয়েছেন । অনুষ্ঠানে শ্রীভূমি জেলা বিজেপির সভাপতি সঞ্জীব বণিক, প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস সহ আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মীরা উপস্থিত ছিলেন । বক্তারা কৃষকদের আধুনিক ও পরিবেশ বান্ধব কৃষি পদ্ধতি গ্রহণে উৎসাহিত করার পাশাপাশি আত্মনির্ভর ভারত গঠনে কৃষিক্ষেত্রে গুরুত্ব আরোপ করার কথা বলেন ।

---

ভারতীয় জনতা পার্টির হাইলাকান্দি জেলা কমিটির উদ্যোগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় সরকারের ১২ বছর পূর্তি উপলক্ষ্যে গতকাল হাইলাকান্দি শহরে প্রগতি পদ যাত্রার আয়োজন করা হয় । হাইলাকান্দি আর্বত ভবন প্রাঙ্গণ থেকে এই পদযাত্রা বের হয়ে শহর

পরিক্রমা করে । পদযাত্রায় বিধায়ক ডক্টর মিলন দাস সহ দলীয় কর্মকর্তা , কর্মী ও সর্মথকরা অংশগ্রহণ করেন ।

---

কাছাড় জেলা প্রশাসন ও জেলা স্বাস্থ্য বিভাগের যৌথ উদ্যোগে দ্বাদশ আর্ন্তজাতিক যোগ দিবস উপলক্ষে আগামীকাল শিলচর গান্ধী ভবনে জেলা পর্যায়ের যোগাসন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে । মোট চারটি বিভাগে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে । জেলা প্রশাসন থেকে যোগ ব্যায়াম করা ছাত্র-ছাত্রীদের এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে আহ্বান জানানো হয়েছে ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ২১শে জুন বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে আর্ন্তজাতিক যোগ দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে আগামীকাল শ্রীভূমি জেলা গ্রন্থাগার প্রাঙ্গনে সকাল ৯টা থেকে জেলাস্তরের যোগাসন প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে । শ্রীভূমি জেলা প্রশাসন এবং জেলা স্বাস্থ্য সমিতির যৌথ উদ্যোগে আয়োজিত এই প্রতিযোগীতায় চারটি বিভাগ থাকবে । ইচ্ছুক প্রতিযোগীদের অবিলম্বে নাম অর্ন্তভুক্ত করতে অনুরোধ করা হয়েছে ।

---

শ্রীভূমি জেলার স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তী জারী করে স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলির নিবন্ধনের বৈধতা যাচাই করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে নির্দেশ দেওয়া হয়েছে । স্বাস্থ্য বিভাগ সূত্রে জানানো হয়েছে যে জনস্বার্থে এবং স্বাস্থ্য সেবায় স্বচ্ছতা , জবাবদিহিতা ও মানসম্পন্ন চিকিৎসা পরিষেবা সুনিশ্চিত করার লক্ষ্যে ক্লিনিকেল এস্টাবলিশমেন্ট(রেজিষ্ট্রেশন ও

রেগুলেশন ) আইন-২০১০ কঠোরভাবে কার্যকর করা হবে । একই সঙ্গে সাধারন নাগরিকদের চিকিৎসা গ্রহনের আগে সংশ্লিষ্ট ক্লিনিক, নার্সিং হোম বা স্বাস্থ্য প্রতিষ্ঠানের বৈধ নিবন্ধন রয়েছে কি না , তা যাচাই করার পরামর্শ দেওয়া হয়েছে ।

---

শ্রীভূমি জেলায় জনগনকে সচেতন করতে শিক্ষা ,স্বাস্থ্য , কৃষি , জনস্বাস্থ্য কারিগরী, সেচ ,সমাজ কল্যান , শিল্প ও বানিজ্য , বন ও পরিবেশ , পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের প্রদান করা সরকারী সুবিধা সর্ম্পকে জনগনকে অবগত করতে এবং এই সুবিধা গুলির গণ অভিযোগ নিষ্পত্তি করতে জেলার বিভিন্ন উন্নয়ন খন্ড কার্যলয়ে তিন দিনের শিবিরের আয়োজন করা হয়েছে । এ উপলক্ষ্যে নিলামবাজার , বদরপুর চৈতন্য নগর , পাথারকান্দি , লোয়াইরপোয়া , দুল্লভছড়া ব্লকে আজ ও আগামীকাল শিবিরের আয়োজন করা হয়েছে ।
এদিকে হাইলাকান্দি জেলায়ও অনুরূপ সচেতনতা শিবিরের আয়োজন করা হচ্ছে । শিবির সকাল সাড়ে দশটায় শুরু হবে ।

---

শ্রীভূমি পৌরসভার উদ্যোগে পৌরসভার পঞ্জীকৃত সন্তর বাজারের সব ব্যবসায়ীদের নিয়ে আগামী কুড়ি জুন ,শনিবার পৌরসভা কার্যলয়ে অনুষ্ঠিত হবে । উল্লেখ্য আগে এই সভা গত ১৬ই জুন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল ।

---

শ্রীভূমি জেলা স্বাস্থ্য বিভাগের পরামর্শদাতা কমিটির এক সভা গত মঙ্গলবার স্বাস্থ্য বিভাগ কার্য্যলয়ের সম্মেলন কক্ষে অনুষ্টিত হয় । স্বাস্থ্যে বিভাগের যুগ্ম সঞ্চালক তথা পরামর্শ কমিটির সভাপতি ডক্টর মতীন্দ্র

সুত্রধরের পৌরহিত্যে আয়োজিত সভায় প্রি কনসেপশন এন্ড পি ন্যাটাল ডায়াগনস্টিক টেকনিকস (প্রহিবিশন অফ সেক্স সিলেকশন ) অ্যাক্ট ১৯৯৪ নিয়ে আলোচনা করা হয়েছে । এছাড়াও সভায় জানানো হয় যে জেলায় মোট ৬৬টি সনোগ্রাফি মেশিন রয়েছে এবং যার মাধ্যমে রোগীদের রোগ নির্ণয়ে নিয়মতি পরীক্ষা করা হয় । সভায় যুগ্ম সঞ্চালক ডক্টর সূত্রধর আরো জানান যে পি সি এন্ড পি এন ডি টি অ্যাক্ট ১৯৯৪ অনুসারে গর্ভাবস্থায় লিঙ্গ নির্ধারনের পরীক্ষা কঠোরভাবে নিষিদ্ধ এবং শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হয়েছে ।